

# আপনি কি সঠিক লোককে বিয়ে করছেন



বিশ্লেষণের সঙ্গে মিলিয়ে নিন আপনার ভবিষ্যৎ।

প্রশ্ন ১-৪ : এই ৪টি প্রশ্নের উত্তর যদি হ্যাঁ হয়, তাহলে আপনারা আরেকবার মুখোমুখি হয়ে দেখুন। কারণ ৯০% ক্ষেত্রে বিবাহিত দম্পতির একটি বিষয়কে খুবই মূল্য দেয়া তা হলো, একজন আরেকজনের দৈহিক ও মানসিক সৌন্দর্য। বিয়ের পরপরই আপনার শরীর সম্পর্কে অবহেলা একটা কথাই প্রমাণ করে, তা হলো আপনাদের সম্পর্ক আগের মতো এতোটা উষ্ণ নেই।

এবারে আসা যাক

বিবাহিত জীবনের সবচেয়ে

গুরুত্বপূর্ণ পরীক্ষাটির কথাই। আপনি এবার ভেবে দেখুন তো আপনাদের দু'জনের সবচেয়ে আনন্দঘন মুহূর্তগুলোর কথা! এ কাজটি কি যেনতেনভাবে আর দশজনের মতো ঘটে? নাকি স্থান বা কাল খুব একটা বিবেচ্য নয়? খোঁজ নিয়ে দেখুন, আপনার স্ত্রী হয়তো এ ব্যাপারটি নিয়ে একেবারেই কথা বলতে বা চিন্তা করতে চান না। সে ক্ষেত্রে এই একঘেয়ে সেক্স-রুটিন নিয়ে আপনাদের ২৫ বছরের বিবাহিত জীবনের স্বপ্ন দেখা একেবারেই হাস্যকর। তাই গা-ঝাড়া দিয়ে উঠে অন্য রকম চিন্তা ভাবনা করুন।

প্রশ্ন ৫-৭ : টাকা আমাদের দেশের স্বামীদের শুধু অর্থনৈতিক নিরাপত্তাই নয়, সংসারের প্রধান চালকের আসনও নিশ্চিত করে। যেসব পরিবারে অর্থ আয়ের মতো গুরুত্বপূর্ণ বিষয়টি স্বামীর হাতে এবং বাড়ির রঙ কি হবে বা ডেকোরেশন কেমন হবে, এ ধরনের সমস্যা নিয়ে স্ত্রীরা ভাবেন, সে ক্ষেত্রে দু'জনের অনুভূতি সমান্তরাল এবং একঘেয়ে। তাই প্রতিটি দম্পতির উচিত মাঝামাঝি পর্যায়ে থাকা।

প্রশ্ন ৮-৯ : এ প্রশ্ন দুটিতে দুটি মারাত্মক না-বোধক শব্দ গুরুত্ব পেয়েছে। সেগুলো হলো অবিশ্বস্ততা ও ঈর্ষাপরায়ণতা। শুধু তোষামোদ দিয়ে বিবাহ পূর্ববর্তী রোমান্টিক সম্পর্ক চালানো যায়, কিন্তু সুদীর্ঘ বিবাহ জীবন আশা করা যায় না। আপনার ফ্লার্ট করার বাজে অভ্যাস এক সময় আপনার বিবাহিত জীবনকে বিষময় করে তুলতে পারে।

প্রশ্ন ১০ : এ প্রশ্নোত্তর স্বামী-স্ত্রী দু'জনের স্বার্থেই না হওয়া উচিত। কারণ পরিবারের সদস্যদের প্রতি ভালোবাসা এবং শ্রদ্ধা থাকার মানে আপনার প্রতি থাকা। শাশুড়ির হাতের রান্না কিংবা শ্বশুরের টিভি দেখার অভ্যেসের মতো ক্ষুদ্র বিষয় নিয়ে কুশলী মন্তব্য করুন।

কণিকা বিশ্বাস

মেয়েটির স্বপ্ন স্বামী-সন্তান ঘিরে একটি সুন্দর ঘর। কিন্তু ছেলেটির আকাঙ্ক্ষা অন্যরকম। সে চায় বিবাহিত জীবনের প্রতিটি ভোর শুরু হবে বউয়ের একই রকম কোমল আদুরে মুখখানা দেখে। এখন তারা মনে করে, দু'জনে দু'জন্য। কিন্তু শুধু এটুকু আবেগ বা অনুভূতি দিয়ে দুটি মানুষ ৩০-৪০ বছর পর্যন্ত একসঙ্গে থাকতে পারে? তাই সময় থাকতেই আপনাকে খুঁজে বের করতে হবে কিছু খুঁটিনাটি বিষয়। যেগুলো ক্ষেত্র বিশেষে সমস্যা হয়ে আপনার দাম্পত্য জীবনের গতিকে হঠাৎ স্থবির করে দিতে পারে। যে ছোটখাটো ব্যাপারগুলো স্বামী বা স্ত্রী হিসেবে আপনাকে খেয়াল করতে হবে সেগুলো এ রকম-মেয়েদের জন্য

১. আপনার স্বামীর কি আপনার সুগন্ধি দ্রব্য ব্যবহারের ব্যাপারে আপত্তি আছে?

২. আপনার স্বামী কি প্রায়ই তার বন্ধুদের সামনে আপনার সম্পর্কে আজেবাজে উক্তি করেন, যখন সেখানে আপনি অনুপস্থিত?

৩. এই অকাজটি তিনি শুধু একটি নির্দিষ্ট সময় বা জায়গায় করে থাকেন?

৪. আপনার রূপচর্চার পেছনে সময় কাটানোতে কি তিনি বিরক্তিকর মনে করেন? আপনার স্বাভাবিক সৌন্দর্যই কি তার কাছে বেশি প্রিয়?

৫. সংসারে আপনার, তার চেয়ে বেশি টাকা আয়কে তিনি কি সহ্য করতে পারেন না?

৬. আপনাদের 'স্বপ্নের বাড়ি' ব্যাপারে আলোচনার সময়, পুরো ব্যাপারটির দায়দায়িত্ব আপনার ওপর চাপিয়ে দেন?

৭. 'অমুক সিনেমা, গান বা বই তোমার পছন্দ নয়'- এই উক্তি কি তিনি আপনার সঙ্গে আলোচনা না করেই করে থাকেন?

৮. নিজে দেরি করে বাসায় ফিরে, উল্টো আপনাকেই সন্দের চোখে দেখেন? যখন

আপনি তার জন্য অপেক্ষা করে বসে ছিলেন?

৯. আপনার কোনো পুরুষ বন্ধুর প্রতি কি তিনি অহেতুক বিদ্বেষ পোষণ করেন?

১০. আপনার বাবা-মায়ের সঙ্গে চায়ের টেবিলে বসতে তার কি খুবই আপত্তি?

ছেলেদের জন্য

১. আপনার বউ কি হঠাৎ করেই মোটা হয়ে যাচ্ছেন?

২. রাতের বেলায় খুব সুন্দর একটি জায়গায় ঘুরতে নিয়ে যাওয়ার জন্য আপনাকে ফরমালি 'ধন্যবাদ' জানান?

৩. বাড়ি বদলের সমস্ত ঝামেলা আপনার ওপর চাপিয়ে দিয়ে বসে থাকেন?

৪. আপনার পছন্দের বন্ধু-বান্ধব সম্পর্কে তিনি কি প্রায়ই খারাপ মন্তব্য করেন?

৫. আপনি ঘরে ফিরে অফিসের কাজের কথা বলতে গেলে রেগে আপনাকে চুপ করিয়ে দেন?

৬. ঘরের সমস্ত কাজকর্ম নিজের হাতে করাকে কি তিনি নারী অবমাননাকর বলে মনে করেন?

৭. ঘরের দেয়ালের রঙ কেমন হবে অথবা রান্নাঘরের ডেকোরেশন কেমন হবে? এ ধরনের খুঁটিনাটি বিষয় নিয়ে আপনার সঙ্গে আলোচনা করতে ভালোবাসেন?

৮. আপনার স্ত্রীকে কি এ মুহূর্তে কোনো সুদর্শন পুরুষের সঙ্গে গ্রহণযোগ্য কারণ ছাড়াই দেখা ও কথা বলতে দেখা যাচ্ছে?

৯. আপনার কোনো বান্ধবী বা অফিসের সেক্রেটারি আপনাকে ফোন করলে তার চেহারার ফটো-ফিট বর্ণনা দিতে হচ্ছে?

১০. আপনার স্ত্রী কি মনে করেন আপনার মায়ের রান্না মুখে দেয়া যায় না।

এই প্রশ্নগুলোর উত্তরের (হ্যাঁ-বোধক বা না-বোধক) ওপর নির্ভর করছে আপনাদের বিবাহ বন্ধনের স্থায়িত্ব। আপনি উত্তর দিয়ে নিচের